

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮৩.৯৯.০৯৯.১৭-৬১৬

তারিখ : ০৬ পৌষ ১৪২৪
২০ ডিসেম্বর ২০১৭


প্রজ্ঞাপন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন দিনাজপুর জোনের সহকারী প্রকৌশলী জনাব মো: নুরুল ইসলাম-এর বয়স ৩০/০৬/২০১৭ তারিখে ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি কর্মচারি (অবসর আইন), ১৯৭৪ এর ৪ ও ৭ ধারার ০৬ এপ্রিল ২০১০ তারিখের অম/অবি/প্রবি/চা:বি:-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন এবং অর্থ মন্ত্রণালয়ের ২১ জানুয়ারি ১৯৮৫ তারিখের এমএফ/এফডি/রেজি-II/লিভ-১৬/৮৪/৯ সংখ্যক স্মারক মোতাবেক ৩০/০৬/২০১৭ তারিখ হতে অবসর গ্রহণের অনুমতি প্রদানসহ ০১/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার সনদ অনুযায়ী ছুটি পাওনা সাপেক্ষে পাওনা ছুটির বিপরীতে সর্বাধিক ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অর্থাৎ ১৮ মাসের ছুটি নগদায়ন (Leave encashment) মঞ্জুরীর অনুমতি প্রদান করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সৈয়দা নওয়ারা জাহান)
উপসচিব (উন্নয়ন-৩)
☎ ৯৫৬১৪৪১

E-mail: ds_dev3@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮৩.৯৯.০৯৯.১৭-৬১৬/১(০৭)

তারিখ : ০৬ পৌষ ১৪২৪
২০ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
- ৬। জনাব মো: নুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জোন।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।